কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

## কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর ম্যানেজমেন্ট কমিটির ১০৩তম সভার কার্যবিবরণী

কৃষি সম্প্রপ্রসারণ অধিদপ্তর এর ম্যানেজমেন্ট কমিটির ১০৩তম সভা গত ০৯ নভেম্বর, ২০২০খ্রি. সকাল ৯.৩০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আসাদুল্লাহ, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ম্যানেজমেন্ট কমিটির সদস্য সচিব জনাব শ্রীনিবাস দেবনাথ, পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন। তিনি সে মোতাবেক আলোচনা শুরু করেন।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| আলোচ্যসূচিঃ ১ বিগত ০১ অক্টোবর ২০২০খ্রি. অনুষ্ঠিত ডিএই'র ম্যানেজমেন্ট কমিটির ১০২তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | সদস্য সচিব বিগত ০১ অক্টোবর ২০২০খ্রি. অনুষ্ঠিত ডিএই'র ম্যানেজমেন্ট কমিটির ১০২তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। সভায় বিগত সভার কার্যবিবরণী বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক দ্রুত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | ডিএই'র ম্যানেজমেন্ট কমিটির ১০২তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন সাপেক্ষে কার্যবিবরণীটি দৃঢ়িকরণ করা হয়। | - |
| আলোচ্যসূচিঃ ২ মাঠ পর্যায়ের কার্যক্রম গতিশীলকরণ | সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পযায়ের উন্নয়ন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ডিএই'র সদর দপ্তরের অতিরিক্ত পরিচালক পদ মর্যদার ১৪ জন কর্মকর্তাকে ১৪টি অঞ্চলের দায়িত্ব প্রদান করে মাঠ পযায়ের উন্নয়ন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম মনিটরিং করতঃ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রতিবেদন পরিচালক, সরেজমিন উইং বরাবর প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, সরেজমিন উইং |
| বিবিধঃ | ১) সভায় ডিএই'র চুড়ান্ত খসড়া বার্ষিক প্রতিবেদন উপস্থান করা হয় এবং প্রতিবেদনটি প্রিন্ট করার বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। | চুড়ান্ত বার্ষিক প্রতিবেদনটি ১০০০ (এক হাজার) কপি প্রিন্ট করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং পরিচালক, ক্রপস উইং |
| | ২) সভায় সকল উইং এ ওয়াই-ফাই চালু করার বিষয়ে বিস্তারিত আলোচনা কারা হয়। | পঞ্চম গ্রেড (উপপরিচালক পর্যায়) থেকে প্রথম গ্রেড পর্যন্ত সকল কর্মকর্তার রুমে ওয়াই-ফাই ব্যবস্থা চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং ও উপপরিচালক, প্রকল্প মূল্যায়ন ও মনিটরিং) |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ৩) সভায় মাঠ পর্যায়ের উন্নয়ন কার্যক্রম তদারকির নিমিত্ত অতিরিক্ত পরিচালক, উপপরিচালক ও উপজেলা কৃষি অফিসারগণের জন্য গাড়ি ক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | মাঠ পর্যায়ের উন্নয়ন কার্যক্রম তদারকির নিমিত্ত অতিরিক্ত পরিচালক, উপপরিচালক ও উপজেলা কৃষি অফিসারগণের জন্য গাড়ি ক্রয়ের নিমিত্ত একটি প্রকল্প প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং |
| | ৪) সভায় দিনাজপুর অঞ্চলের বিদ্যমান ফলবাগান পরিচর্যার মাধমে ফলের মান উন্নয়নের ও ফল উৎপাদন বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | দিনাজপুর অঞ্চলের বিদ্যমান ফলবাগান পরিচর্যার মাধমে ফলের মান উন্নয়নের ও ফল উৎপাদন বৃদ্ধির নিমিত্ত একটি কর্মসূচি প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং |
| | ৫) সভায় দেশে ফুল চাষ সম্প্রসারণ ও বাজারজাতকরণের বিষয়ে আলোচনা করা হয়। | সভায় দেশে ফুল চাষ সম্প্রসারণ ও বাজারজাতকরণের ওপর একটি প্রকল্প প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং |
| | ৬) সভায় কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের বৈদ্যুতির সরঞ্জাম ক্রয়ের নিমিত্ত আর্থিক কোডে অর্থের সংস্থান বিষয়ে আলোচনা করা হয়। | সভায় কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের বৈদ্যুতির সরঞ্জাম ক্রয়ের নিমিত্ত আর্থিক কোডে অর্থের সংস্থানের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং পরিচালক, প্রশিক্ষণ উইং |
| | ৭) সভায় চলতি অর্থ বছরে কৃষি সম্পসারণ অধিদপ্তরের মাঠ কার্যক্রম মনিটরিং নিমিত্ত ভ্রমণ ভাতা খাতে আরো অর্থের চাহিদা প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে চলতি অর্থ বছরে কৃষি সম্পসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং নিমিত্ত ভ্রমণ ভাতা খাতে আরো অর্থের চাহিদা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| | ৮) সভায় সরেজমিন উইং এর আওতাধীন কন্ট্রোল রুমের জন্য বিশেষ অর্থ বরাদ্দের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সরেজমিন উইং-এ মাসিক ২০,০০০/= টাকা অর্থ বরাদ্দ চলমান থাকবে, তবে কন্ট্রোল রুমের জন্য মাসিক আরও ১০,০০০/= টাকা বাড়তি বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং পরিচালক, সরেজমিন উইং |
| | ৯) সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর মেরামত কার্যক্রম সীমিত বাজেটের মধ্যে অগ্রধিকার ভিত্তিতে করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর মেরামত কার্যক্রম চিহ্নিতকরণ এবং সীমিত বাজেটের মধ্যে অগ্রধিকার ভিত্তিতে সম্পন্ন করার নিমিত্ত একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>কমিটিঃ<br>১) পরিচালক, ক্রপস উইং-আহবায়ক<br>২) পরিচালক, প্রশিক্ষণ উইং-সদস্য<br>৩) অতিরিক্ত পরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং-সদস্য<br>৪) অতিরিক্ত পরিচালক, প্রশাসন ও অর্থ উইং -সদস্য<br>৫) উপ পরিচালক (বাস্তবায়ন), সরেজমিন উইং-সদস্য<br>৬) অতিরিক্ত উপপরিচালক (কন্দাল, সবজি ও মসলা), হর্টিকালচার উইং -সদস্য<br>৭) নির্বাহী প্রকৌশলী, ভৌত অবকাঠামো উন্নয়ন -সদস্য<br>-কমিটি আগামী ১৫ দিনের মধ্যে মেরামত কার্যক্রম এর অগ্রধিকার তালিকা ও অর্থ ব্যয়ের তালিকা মহাপরিচালক বরাবর পেশ করবেন। | পরিচালক, ক্রপস উইং এবং অতিরিক্ত পরিচালক, আইসিটি ব্যবস্থাপনা |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ১০) সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকায় বহিরাগত গাড়ি প্রবেশ করে ট্রাফিক জ্যাম সৃষ্টির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। আগামী ১লা ডিসেম্বর ২০২০খ্রি. থেকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকায় বিভিন্ন সরকারী সংস্থা ব্যতিত বহিরাগত গাড়ি প্রবেশ ও অবস্থান সম্পুর্ন রহিত করতে হবে।<br>২। শৃঙ্খলা বজায় রেখে ডিএই'র গাড়ি চালকগণ গাড়ি পার্কিং করবেন। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং উপপরিচালক (লিসাসা) |
| | ১১) সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকার বিভিন্ন ফ্লোরে সমাপ্ত প্রকল্পসমূহের নামসমূহ অবলেপন বিষয়ে আলোচনা করা হয়। | আগামী ১৫ দিনের মধ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকার বিভিন্ন ফ্লোরে সমাপ্ত প্রকল্পসমূহের নামসমূহ অবলেপনের কাজ সম্পন্ন করতে হবে। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং এবং অতিরিক্ত পরিচালক, আইসিটি ব্যবস্থাপনা |
| | ১২) ২০২০-২১ অর্থ বছরের রবি ফসল আবাদের লক্ষ্যমাত্রা নির্ণয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রবি ফসল আবাদের লক্ষ্যমাত্রা নির্ণয়ে বোটম-আপ প্লানিং অনুসরন করতে হবে। | পরিচালক, সরেজমিন উইং এবং পরিচালক, ক্রপস উইং |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৫/১১/২০২০

মোঃ আসাদুল্লাহ
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
এবং
সভাপতি, ম্যানেজমেন্ট কমিটি

স্মারকনং-১২.১৬.০০০০.০২৫.১৬.৪১.২০১৫(পার্ট-২)/৬২৫৭(১১) তারিখঃ ২৫/১১/নভেম্বর ২০২০খ্রি.

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
২। পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং,
৩। পরিচালক, প্রশিক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৪। পরিচালক, সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৫। পরিচালক, হর্টিকালচার উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৬। পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৭। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৮। পরিচালক, ক্রপস্ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৯। উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, ডিএই, খামারবাড়ি, ঢাকা। কার্যবিবরণীটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধকরা হলো।
১০। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ডিএই, খামারবাড়ি, ঢাকা
১১। অফিস কপি।